



নিরাপদ  
কর্মপরিবেশ, টেকসই  
উন্নয়নের পথে  
বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
আইন উপশাখা  
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,  
বিজয়নগর, ঢাকা-১০০০.  
[www.dife.gov.bd](http://www.dife.gov.bd)

নম্বর: ৪০.০১.০০০০.১০১.২৭.০০৩.১৭.৭৫

তারিখ: ১৫ মাঘ ১৪২৬  
২৯ জানুয়ারি ২০২০

### প্রজ্ঞাপন

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকায় এ কর্মরত শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব মোঃ নাফিজ হারুন অমির বিরুদ্ধে ফ্রন্টডেক্স বাংলাদেশ লিমিটেড, বাড়ি নং- ৩৬৩, লেন-০৫ (ইন্টার্ন রোড) এর প্রধান নির্বাহী কর্মকর্তা লিখিত অভিযোগে তার ফার্মের নামে লাইসেন্স নবায়ন কার্যক্রমের তদন্ত প্রতিবেদন দাখিল করার শর্ত হিসেবে ৩ লক্ষ ৫০ হাজার টাকা দাবি করলে কর্তৃপক্ষ ২৫ হাজার টাকা প্রদান করলে জনাব মোঃ নাফিজ হারুন অমি লাইসেন্স নবায়নের প্রতিবেদন প্রদান করেন যার ফলে লাইসেন্স পেতে তার দেরি হয়।

কোন সরকারি কর্মচারী কর্তৃক মালিক বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট এ ভাবে অর্থ দাবি করা ঘুষ গ্রহণের পর্যায়ভুক্ত অপরাধ এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি- ২ (খ) অনুযায়ী অসদাচরণের শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ এবং তার দুর্নীতি পরায়ণতার সাক্ষ্য বহন করে।

২। এফ্রণে উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকায় কর্মরত শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব মোঃ নাফিজ হারুন অমি কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ১২ (১) বিধি মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হল।

৩। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৪। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৯-১-২০২০

শিবনাথ রায়

মহাপরিদর্শক

ফোন: ০২-৫৫০১৩৬২৬

ফ্যাক্স: ০২-৫৫০১৩৬২৮

ইমেইল: [chiefdife@gmail.com](mailto:chiefdife@gmail.com)

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে

- ১) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত মহাপরিদর্শক, অতিরিক্ত মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৩) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৪) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৫) উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা
- ৬) জনাব মোঃ নাফিজ হারুন অমি, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা
- ৭) অফিস কপি